বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ
বক্স নগর, মিরপুর, ঢাকা ।
(বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের একটি প্রতিষ্ঠান)
ফোন নং-৪৪৮০২০৫০

# স্যানিটারীওয়্যার মালামাল বাজারজাত করণের নিমিত্তে ডিলার নিয়োগের আবেদন পত্র ।

১.০০। আবেদনকারীর পরিচয় ও সংশ্লিষ্ট তথ্যাদি ঃ-

১.০১। প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা (টেলিফোন /মোবাইল নম্বরসহ) ঃ-

১.০২। যে এলাকার জন্য ডিলার হতে ইচ্ছুক তার নাম ঃ-
(জেলা/উপজেলা/ইউনিয়ন/মোকাম)

১.০৩। প্রতিষ্ঠানের মালিকানা স্বত্বঃ

(ক) একক স্বত্বাধিকারী ☐

(খ) অংশীদারী ☐

(গ) লিমিটেড কোম্পানী ☐

১.০৪। যদি একক মালিকানাধীন প্রতিষ্ঠান হয় তবে স্বত্বাধীকারীর পূর্ণ নাম, পিতার নাম, মাতার নাম ও ঠিকানা (টেলিফোন/ মোবাইল নম্বরসহ) ঃ.....................................................................................
...................................................................................................................

১.০৫। যদি অংশীদারী ব্যবসা হয় তবে অংশীদারীদের পূর্ণ নাম, পিতার নাম, মাতার নাম ও ঠিকানা (টেলিফোন নম্বরসহ) ঃ-
(ক)...............................................................................................................
(খ)...............................................................................................................
(গ)...............................................................................................................
(ঘ)...............................................................................................................

১.০৬। যদি জয়েন্ট কোম্পানী হয় তা হলে অনুগ্রহপূর্বক "কোম্পানীর মেমোরেন্ডাম" "আর্টিকেল অব এসোসিয়েশন" এবং "সার্টিফিকেট অব ইনফরমেশন অংশীদারী দলিল" সংযুক্ত করুন।

১.০৭। আপনার প্রতিষ্ঠানের ব্যবসার ধরন (ক) স্যানিটারী, টাইলস ও সংশ্লিষ্টঃ.......................................
(খ) অন্যান্য..................................................................

১.০৮। আপনি কোন প্রতিষ্ঠানের একক ডিলার কিনা? ডিলার হলে কোন কোন প্রতিষ্ঠানের ডিলার এবং কতদিন যাবৎ করছেন তা স্পষ্টভাবে উল্লেখ করুন (প্রয়োজনে অন্য কাগজে)ঃ-

১.০৯। কোন সংস্থা/বিক্রয় কেন্দ্র পরিচালনার অভিজ্ঞতা আছে কিনা (থাকলে সংযুক্ত করুন)?

১.১০। আপনি/আপনারা বিআইএসএফ উৎপাদিত স্যানিটারীওয়্যার বিক্রয় করেন কি? করলে কতদিন থেকে মালামাল উত্তোলন করে আসছেন এবং মাসিক কত টাকার মালামাল উত্তোলন করেন?
...................................................................................................................
...................................................................................................................

১.১১। প্রতি মাসে লক্ষ্যমাত্রার অতিরিক্ত কত টাকার স্যানিটারীওয়্যার উত্তোলন করার নিশ্চয়তা দিতে পারবেন?
...................................................................................................................

১.১২। আপনার কোন অফিস/শো-রুম আছে কি?

হ্যাঁ না হ্যাঁ হলে আয়তন বর্গফুট

১.১৩। ক) আপনার গুদাম আছে কি? নিজস্ব ভাড়া মাসিক ভাড়ার টাকা

(খ) গুদামের আয়তন কত? দৈর্ঘ্য ................ প্রস্থ ................মোট এলাকা বর্গ ফুট

(গ) পাকা না কাঁচা? পাকা কাঁচা

১.১৪। আপনার কতজন বিক্রয় কর্মী আছে। তাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ
.................................................................................................................
.................................................................................................................

১.১৫। আপনার নিজস্ব পরিবহন আছে কিনা? থাকলে কি কি উল্লেখ করুন।

(ক) মটর চালিত............................
(খ) অন্যান্য ..................................

১.১৬ কিভাবে আওতাধীন অঞ্চলে মালামাল পৌছাবেনঃ-.........................................................

১.১৭। সেলস প্রমোশনের জন্য কি ভাবে ব্যবস্থা নিবেন?..................................................
..................................................................
..................................................................

১.১৮। আপনার ব্যাংকের নাম ও ঠিকানা নিম্নে প্রদান করুন (টেলিফোন নম্বরসহ) ঃ-

১)

২)

৩)

২.০০। নিয়োগের শর্তাবলীঃ-

২.০১। প্রাথমিক ভাবে ডিলার কে ০২(দুই) বছরের জন্য নিয়োগ দেয়া হবে। পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিক্রমে ইহা নবায়ন করা যাবে ।

২.০২। ডিলারগন একটি চালানের মাধ্যমে কারখানা মূল্যে ন্যূনতম ১.৫০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মূল্যের স্যানিটারী পণ্য উত্তোলন করলে বিআইএসএফ লি. থেকে স্থায়ী ঠিকানায় বিআইএসএফ এর ব্যয়ে মালামাল সরবরাহ করা হবে। কারখানা মূল্যে ন্যূনতম ১.৫০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার কম মালামাল উত্তোলন করলে পরিবহন বাবদ ২% কমিশন প্রদান করা হবে। উল্লেখ থাকে যে, এ সকল ক্ষেত্রে প্রয়োজনীয় বীমা ও অনুষাংগিক ব্যয় ডিলারকে বহন করতে হবে।

২.০৩। ডিলার তার নির্ধারিত এলাকায় বাজার সম্প্রসারন ও বাজার উন্নয়নে এককভাবে দায়ী থাকবে।

২.০৪। বিআইএসএফ কর্তৃপক্ষ ডিলার এলাকায় বিআইএসএফ পন্য বিক্রয় ও বিতরণ সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন বোধ করলে তা বিআইএসএফ এর নিকট সরবরাহ করবে।

২.০৫। ডিলার তার নির্দিষ্ট এলাকার বাইরে মালামাল বিক্রয় করতে পারবে ।

২.০৬। কোন কারন দর্শানো ছাড়াই ৪(চার) মাসের নোটিশে উভয় পক্ষ এই চুক্তি বাতিল করতে পারবেন।

২.০৭। ডিলার নিয়োগের জামানতঃ ডিলার নিয়োগ পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বিআইএসএফ লি. এর অনুকুলে নগদ অথবা কেবল মাত্র রাষ্ট্রায়ত্ব/তফশীলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফ্‌ট এর মাধ্যমে নির্ধারিত টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র জামানত হিসেবে জমা দিতে হবে। জামানতের উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হবে না।

২.০৮। ডিলার নিয়োগ পত্র প্রত্যাহার/বাতিল করতে চাইলে সেক্ষেত্রে ০৩(তিন) মাস পূর্বে বিআইএসএফ লি. এর কর্তৃপক্ষকে আবেদন পত্রের মাধ্যমে জানাতে হবে। সেক্ষেত্রে ডিলারশীপ বাতিল করতঃ জামানতের টাকা ফেরৎ দেয়ার ব্যবস্থা নেয়া হবে।

২.০৯। কারখানার উৎপাদিত পন্যের মজুদ সাপেক্ষে পন্য বরাদ্দ ও সরবরাহ করা হবে।

২.১০। বরাদ্দকৃত মালের মূল্য নগদ অথবা সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত ডিডি/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদানের বিপরীতে ব্যাংকের ছাড়পত্র প্রদান সাপেক্ষে ক্রমানুযায়ী মালামাল সরবরাহ করা হবে ।

২.১১। বরাদ্দকৃত মালামাল কারখানার গুদাম হতে সরবরাহ করা হবে ।

২.১২। বিআইএসএফ কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন শর্ত অথবা পণ্যের মূল্য পরিবর্তন/ পরিবর্ধনের ক্ষমতা রাখেন ।

২.১৩। সরকার কর্তৃক আরোপিত শুল্ক/কর/ভ্যাট এবং এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী সকল ডিলারের উপর প্রযোজ্য হবে।

২.১৪। বিআইএসএফ প্রতিনিধি কর্তৃক কোন এলাকার ডিলার পরিদর্শন/তদন্ত, বিক্রয় উন্নয়ন ও বাজার জরিপের সময় ডিলারগণ সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন ।

২.১৫। কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে প্রতিষ্ঠানের মালিকানা গুদাম বা ঠিকানা পরিবর্তন করা যেতে পারে ।

২.১৬। পরিবহন ঠিকাদারের নিকট থেকে ডিলারগন সঠিকভাবে মালামাল দেখে ও বুঝে নিয়ে প্রাপ্তি রশিদ ৭ (সাত) দিনের ভিতর বিআইএসএফ এর বিপণন বিভাগে প্রেরন করবেন।

২.১৭। কোন ডিলার কালোবাজারী, অসাধু ব্যবসা, দোকান বন্ধ এবং ব্যবসার সাধারন নিয়মের পরিপন্থি কোন কাজ করলে কোন কারন দর্শানো ব্যতিরেকে জামানত বাজেয়াপ্ত সহ ডিলারশীপ বাতিল বলে গণ্য হবে ।

২.১৮। বিসিআইসি/কারখানা কর্তৃক জারীকৃত বিভিন্ন আদেশ,নির্দেশ,নিয়ম কানুন ও আরোপিত শর্ত ভংগ, জামানত বাজেয়াপ্তসহ ডিলার নিয়োগ বাতিল হওয়ার কারন হিসাবে গন্য হবে।

২.১৯। বরাদ্দকৃত পন্যের ক্রয় বিক্রয় সম্পর্কে বিসিআইসি/কারখানা কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল আদেশ, নির্দেশ ও শর্তসমুহ ডিলারগন মান্য করতে বাধ্য থাকবেন।

২.২০। অগ্রীম মূল্য পরিশোধ/নিশ্চিতকৃত বরাদ্দপত্র/অর্পনাদেশ বা অন্য কোন কারন থাকা সত্বেও পন্য সরবরাহ করার সময় প্রযোজ্য/জারীকৃত মূল্য প্রশ্নাতীত ভাবে সকল ডিলারগনের উপর প্রযোজ্য হবে।

২.২১। বিসিআইসি/কারখানা কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে উপরোক্ত বিষয় ও শর্ত সমূহের পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন,সংযোজন করার অধিকার সংরক্ষন করেন ।

## ৩.০০ ডিলার ইনসেনটিভ স্কীমঃ

| উত্তোলন পরিসর ও ইনসেনটিভ প্রদান | ইনসেনটিভের হার |
|---|---|
| মাসিক কারখানা মূল্য ০.০০ থেকে ১৫,০০,০০০/- টাঃ পর্যন্ত | ৬.৫% |
| পরিবহন | পরিবহনের ক্ষেত্রে একক বরাদ্দ পত্রে কারখানা মূল্যে ১.৫০ লক্ষ টাকার মালামাল ক্রয় করলে কারখানার নিজস্ব খরচে ক্রেতার গন্তব্যে পৌছানো হবে এবং কারখানার মূল্যে ১.৫০ লক্ষ টাকার কম মূল্যে মালামাল ক্রয় করলে পরিবহন বাবদ ২% কমিশন প্রদান করা হবে। ডিলারদের ক্ষেত্রে সকল কমিশন মাসিক ভিত্তিতে পরিশোধযোগ্য। |

| | |
|---|---|
| ৪.০০। | সদ্য তোলা পাসপোর্ট সাইজের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/পরিচালকের ০২ (দুই) কপি ছবি গেজেটে অফিসার দ্বারা সত্যায়িত করে অবশ্যই আবেদন পত্রের সংগে জমা দিতে হবে। |
| ৪.০১। | <u>আবেদন পত্রের সহিত নিম্নলিখিত দলিল সমূহ গ্রথিত থাকতে হবে।</u><br>(ক) ব্যবসা পরিচালনার লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।<br>(খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।<br>(গ) পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি। |
| ৪.০২ | ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন পরামর্শ নেয়ার প্রয়োজন হলে মোবাইল নম্বর ০১৫১৫২৬৫৩২৩ যোগাযোগ করা যাবে। |
| | **<u>অঙ্গীকারঃ</u>** |
| ৫.০০। | ক) আমি/আমরা অংগীকার করছি যে, উপরে বর্ণিত বিবরণ সঠিক এবং আমি/আমরা যে কোন ভুল তথ্য পরিবেশনের জন্য দায়ী থাকব। |
| | (খ) আমি/আমরা ঘোষণা করছি যে, বিআইএসএফ লিঃ কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী মালামাল উত্তোলন করব। |
| | (গ) আয়কর, ভ্যাট ও অন্যান্য কর সংক্রান্ত সরকার কর্তৃক জারীকৃত আদেশ/নির্দেশ মেনে চলব। |
| | (ঘ) দেশের প্রচলিত আইন/বিধি বিধান মেনে চলে ব্যবসা পরিচালনা করতে বাধ্য থাকব। |

তারিখ: ...........................

স্বত্বাধিকারী/অংশীদারের স্বাক্ষর
(সীলসহ)